

সমকাল

জাহাঙ্গীরনগরে শিক্ষার্থী লাঞ্ছনা ও মারধরের বিচার দাবি

প্রকাশ: ০৮ মার্চ ২৩ | ১২:৪২ | আপডেট: ০৮ মার্চ ২৩ | ১৫:০৬

জাবি প্রতিনিধি



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) সম্প্রতি ঘটে যাওয়া বেশ কয়েকটি মারধর ও শিক্ষার্থী লাঞ্ছনার ঘটনার বিচার দাবি করেছে ছাত্র ইউনিয়ন।

মঙ্গলবার রাতে গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে এ দাবির কথা জানান ছাত্র ইউনিয়ন জাবি সংসদের সভাপতি ইমতিয়াজ অর্ণব ও অর্মর্ত্য রায়।

বিবৃতিতে বলা হয়, সম্প্রতি তথ্য-প্রমাণসহ শিক্ষার্থী লাঞ্ছনা ও মারধরের বেশ কিছু অভিযোগ সামনে এসেছে। কিন্তু বরাবরের মতো বেশিরভাগই থেকে যাচ্ছে পক্ষপাতদুষ্টতার আড়ালে। প্রশাসনের নিষ্ক্রিয়তা এবং চিরায়ত নির্লিপ্ত অবস্থানের সুযোগে ক্ষমতাসীন ছাত্র সংগঠনের কর্মীরা সাধারণ শিক্ষার্থী হয়রানি, লাঞ্ছিত ও মারধর করে ক্যাম্পাসের শান্তি ও নিরাপত্তা বিঘ্নিত করছে। এসব ঘটনায় ক্যাম্পাসের সাধারণ শিক্ষার্থীরা ভীতসন্ত্রিত।

বিবৃতিতে গত ২৮ ফেব্রুয়ারি সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের স্কুল অ্যান্ড কলেজ এলাকায় সাংবাদিকতা ও গণমাধ্যম অধ্যয়ন বিভাগের ৪৯তম ব্যাচের শিক্ষার্থী ফেরদৌস হাওলাদারকে বহিরাগত ভেবে মারধর করে ছিনতাইয়ের চেষ্টার অভিযোগে করা হয়।

বিবৃতিতে আরও বলা হয়, ওই ঘটনায় ৩ ছাত্রলীগ নেতার সংশ্লিষ্টতার অভিযোগ ওঠে। দ্রুতম সময়ে তদন্ত কমিটি গঠন করার মাধ্যমে ঘটনার সঙ্গে জড়িতদের নিরপেক্ষ তদন্তের পাশাপাশি দোষীদের দ্রষ্টব্যমূলক বিচারের দাবি জানায় ছাত্র ইউনিয়ন।

© সমকাল ২০০৫ - ২০২৩

সম্পাদক : মোজাম্বেল হোসেন | প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৭১৮০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com